



স্মারক নং-৩৪.০১.৪৮৪২.০০০.১৬.১০৬.১৩- ১৬৮৩

তারিখ: ১৪-০২-২২খ্রি:

## ”ফ্রিল্যান্সিং ও আউট সোর্সিং বিষয়ক প্রশিক্ষণের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যুব সমাজের ভূমিকা অপরিসীম। আইসিটি বিষয়ক জ্ঞান অর্জনের মাধ্যমে তথ্য প্রযুক্তি ব্যবহার করে ঘরে বসে আয়ের সুযোগ সৃষ্টির জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)” এর আওতায় করোনাকালীন সময়ে আত্মকর্মসংস্থান সৃষ্ণের লক্ষ্যে করিমগঞ্জ উপজেলার কর্মপ্রত্যাশী শিক্ষিত বেকার যুব নারী / পুরুষের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবরে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শর্তাদি

০১। আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩৫ বছর ০২। শিক্ষাগত যোগ্যতা এইচ এস সি / সমমান ০৩। কম্পিউটার ও ইন্টারনেট বিষয়ে দক্ষতা এবং প্রমাণক (যদি থাকে) ০৪। জাতীয় পরিচয় পত্র / জন্ম সনদের কপি ০৫। নাগরিকত্বের সনদ ০৬। সদ্যতোলা পিপি সাইজের ছবি ০২ কপি।

প্রশিক্ষণের মেয়াদকাল ২১ (একুশ) দিন। প্রশিক্ষণ কোর্সে প্রত্যেক দিন আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে।

দরখাস্তের সাথে সকল কাগজ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে আগামী ২৪/০২/২০২২খ্রি: বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে জমা দিতে হবে। আবেদনকারীকে আগামী ০১/০৩/২২খ্রি: সকাল/বিকাল ১২.০০ ঘটিকায় চূড়ান্ত বাছাইয়ের নিমিত্ত লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য দাখিলকৃত সকল কাগজের মূল কপিসহ উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, করিমগঞ্জ, কিশোরগঞ্জে উপস্থিত থাকতে হবে। প্রশিক্ষণ গ্রহণকালে নিজস্ব ল্যাপটপ, মডেম ও মাল্টিপ্লাগ সঙ্গে আনতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা দেয়া হবে না। এ সংক্রান্ত সকল বিষয়ে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মো: আমান উল্লাহ দরজা)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।  
মোবাইল-০১৭০৯৩৩০৪৬৩

সদয় অবগতি / কার্যার্থে

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০৩। মেয়র, করিমগঞ্জ পৌরসভা, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ০৫। উপজেলা ..... কর্মকর্তা (সকল), করিমগঞ্জ, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।
- ০৪। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ (সকল), করিমগঞ্জ, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।
- ০৫। নোটিশ বোর্ড / অফিস কপি।